

পশ্চিমবঙ্গ সরকার  
খাদ্য ও সরবরাহ দপ্তর

মেমো : ৪৫১৬/FNS-২৬০১২(১৪)/১/২০২০-REFORM SEC

তারিখ : ২৩/১২/২১

নির্দেশিকা

**বিষয়: আবশ্যিক অথেন্টিকেটেড লেনদেন এবং নমিনী পদ্ধতি (বিশেষ ক্ষেত্রে )**

যেহেতু, খাদ্য ও সরবরাহ দপ্তর বেশ কিছু দিন ধরেই গণবন্টনের ক্ষেত্রে আধারের ভিত্তিতে লেনদেন আবশ্যিক করার চেষ্টা করছে,

এবং যেহেতু, ৭১ শতাংশ উপভোক্তার আধার সংযুক্তিকরণ সম্পূর্ণ হয়ে গেছে এবং অবশিষ্ট উপভোক্তাদেরও আধার সংযুক্তিকরণ সম্পূর্ণ করার চেষ্টা জারি আছে,

এবং যেহেতু, খাদ্য ও সরবরাহ দপ্তরের উদ্দেশ্য আধারের ভিত্তিতে লেনদেন আবশ্যিক করা এবং একই সঙ্গে প্রকৃত উপভোক্তাদের বরাদ্দ সুনিশ্চিত করা,

সেজন্য, এই নির্দেশিকা জারি হওয়ার দিন হতে তিন মাস অবধি সাময়িক ভাবে নিম্নলিখিত মনোনয়ন পদ্ধতি চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে:

১. যে কোন পরিবার যাদের একজন সদস্যেরও আধার নেই অথবা আঙুলের ছাপ না মেলা ইত্যাদি কারণে আধার সংযুক্তিকরণ সম্ভব নয়, তাদের হয়ে রেশন নেওয়ার জন্য সেই পরিবার সর্বোচ্চ দুজনকে মনোনীত করতে পারবেন। মনোনীত ব্যক্তি সেই পরিবারের পরিবর্তে আঙুলের ছাপ দিয়ে আধার ভিত্তিক লেনদেন করতে পারবেন।

২. একটি পরিবার সর্বোচ্চ দুজনকে দুটি আলাদা পরিবারের থেকে মনোনীত করতে পারবেন।

৩. মনোনীত ব্যক্তিকে অবশ্যই একই রেশন দোকানের উপভোক্তা হতে হবে এবং তাঁর রেশন কার্ডের সঙ্গে আধার নম্বর সংযুক্ত থাকতে হবে। মনোনয়নের পূর্বে ঐ ব্যক্তির সম্মতি নিতে হবে।

৪. একটি নতুন ফর্ম (ফর্ম-১৫) এই উদ্দেশ্যে চালু করা হচ্ছে। ফর্মটি অনলাইনে অথবা খাদ্য ও সরবরাহ দপ্তরের পরিদর্শকের অফিসে জমা দেওয়া যাবে।

৫. সংশ্লিষ্ট খাদ্য ও সরবরাহ দপ্তরের পরিদর্শক নিজে মনোনয়ন পত্র খুঁটিয়ে দেখে সেটার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হয়ে তারপর সেটি অনুমোদন করবেন। মনোনয়নের কিছু নির্দেশক এবং সঙ্গত কারণ হল: (ক) আঙুলের ছাপ নষ্ট হয়ে যাওয়ার কারণে আধার নম্বর না পাওয়া, (খ) আধারের আবেদন করা হয়েছে কিন্তু আধার নম্বর এখনও পাওয়া যায়নি, (গ) বৃদ্ধাশ্রম/ দুঃস্থদের আশ্রয়স্থলে বসবসকারীদের বাসস্থানের কাগজপত্র না থাকার জন্য আধারের আবেদন খারিজ হয়ে যাওয়া ইত্যাদি।

৬. ৫ বছরের কম বয়স্ক শিশুদের ক্ষেত্রে ঐ পরিবারের সমস্ত সদস্যকেই মনোনীত ব্যক্তি হিসাবে ধরা হবে। যেক্ষেত্রে আলাদা ক্যাটেগরীর রেশন কার্ড দেওয়া হয়েছে,

সেখানে খাদ্য ও সরবরাহ দপ্তর নিজে থেকেই ঐ পরিবারের সদস্যদের নমিনী হিসাবে মনোনীত করবে।

৭. রেশন নেওয়ার সময় নমিনী এবং পরিবারের একজন সদস্যকে উপস্থিত থাকতে হবে।

ফর্ম -১৫ এর একটি প্রতিলিপি এই নির্দেশিকার সঙ্গে সংযুক্ত করা হোল। জনসাধারণের জ্ঞাতার্থে এই নির্দেশিকটির যথেষ্ট প্রচার দরকার।




অতিরিক্ত সচিব  
খাদ্য ও সরবরাহ দপ্তর

মেমো : ৪৫১৬/১(৭) FNS-২৬০১২(১৪)/১/২০২০-REFORM SEC তারিখ : ২৩/১২/২১

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো: -

1. ডিরেক্টর , ডিরেক্টরেট অফ ডি.ডি.পি.এওএস., খাদ্য ও সরবরাহ দপ্তর।
2. ডিরেক্টর রেশনিং, খাদ্য ও সরবরাহ দপ্তর।
3. জেলা শাসক (সমস্ত).....
4. ডেপুটি ডিরেক্টর অফ রেশনিং (সমস্ত), খাদ্য ও সরবরাহ দপ্তর।
5. জেলা নিয়ামক (সব জেলা), খাদ্য ও সরবরাহ দপ্তর।
6. আশ্রয় সহায়ক, ভার প্রাপ্ত / রাষ্ট্র মন্ত্রী, খাদ্য ও সরবরাহ দপ্তর।
7. ব্যক্তিগত সহকারী, সচিব, খাদ্য ও সরবরাহ দপ্তর।



অতিরিক্ত সচিব  
খাদ্য ও সরবরাহ দপ্তর